

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কুলাউড়া, মৌলভীবাজার

নভেম্বর-২০১৫ খ্রিঃ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ নাজমুল হাসান  
উপজেলা নির্বাহী অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার।

স্থান : উপজেলা প্রশাসন সম্মেলন কক্ষ।

তারিখ : ০৫/১১/২০১৫ খ্রিঃ।

সময় : সকাল ১১:১৫ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"-তে স্বাক্ষরের ক্রমানুসারে বর্ণিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনাসূচি অনুযায়ী আলোচনা করার আহ্বান জানানো হলে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র নং | আলোচনা  | সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ   |
|--------|---|---|--|
| ১      | পুলিশ বিভাগঃ<br>এ বিভাগের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। পরিদর্শক (তদন্ত), কুলাউড়া থানা জানান, অক্টোবর/ ২০১৫ খ্রিঃ মাসে মোট মামলা ২১(একুশ) টি, সরাসরি থানায় এজাহারে রজুকৃত মামলা ১৮(আটত্রি)টি, বিজ্ঞ আদালতের নির্দেশে থানায় এজাহারে রজুকৃত মামলা ০৩(তিন)টি, মোট আসামী গ্রেফতারের সংখ্যা ৫০(পঞ্চাশ) জন, নিয়মিত মামলায় গ্রেফতারের সংখ্যা ২১(একুশ) জন, গ্রেফতারী পরোয়ানা- জিআর-৭১টি এবং সিআর-১১টি। রজুকৃত মামলা ২১(একুশ)টির মধ্যে মাদক উদ্ধার মামলার সংখ্যা-০২(দুই) টি। তাছাড়া ৪০০ গ্রাম গাঁজা যার আনুমানিক মূল্য ৪,০০০/- (চার হাজার) টাকা উদ্ধার করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে কুলাউড়া উপজেলার বিভিন্ন এলাকায় বিক্ষিপ্তভাবে চুরি শুরু হচ্ছে এ বিষয়ে কঠোর নজরদারী রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, কুলাউড়া থানাকে অনুরোধ করা হয় এবং নাশকতা মূলক কোন তথ্য পাওয়া গেলে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ<br>কুলাউড়া থানা  |
| ২      | বিদ্যুৎ বিভাগঃ এ বিভাগের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।   | আগামী সভায় উপস্থিত থাকার জন্য নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, কুলাউড়াকে অনুরোধ করা হয়।   | উপজেলা নির্বাহী<br>অফিসার, কুলাউড়া  |
| ৩      | বন বিভাগঃ এ বিভাগের কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে রেঞ্জ বন কর্মকর্তা জানান, অক্টোবর/ ২০১৫ খ্রিঃ মাসে ০৯(নয়)টি অভিযান চালিয়ে ০৯(নয়)টি মামলাসহ সর্বমোট ৭৯,৫৬৯/- (উনআশি হাজার পাঁচশত উনসত্তর) টাকা মূল্যের মুলি ও মাকাল বাঁশ, সেগুন ফাইল কাঠ, আকাশমনি, মেন্দার ছাল ইত্যাদি চোরাকৃত দ্রব্য ধৃত করা হয়েছে। এছাড়া এ মাসে সর্বমোট ৪,০৬,০৪১/- (চার লক্ষ ছয় হাজার একচল্লিশ) টাকা রাজস্ব আদায় করা হয়েছেও মর্মে সভাকে অবহিত করেন।   | নিয়মিত চোরাই কাঠ উদ্ধার অভিযান পরিচালনাসহ চোরাই কাঠ পাচারকারীদের চিহ্নিতক্রমে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।   | রেঞ্জ, বন কর্মকর্তা,<br>কুলাউড়া থানা।<br><br>অফিসার ইন-চার্জ,<br>কুলাউড়া থানা। |
| ৪      | নারী ও শিশু প্রতিরোধ সংক্রান্তঃ<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, এ মাসে পারিবারিক সহিংসতার অভিযোগ পাওয়া যায়নি। পারিবারিক নির্যাতনের ০১(এক)টি অভিযোগ পাওয়া গেছে। পূর্বের ০২(দুই)টি অভিযোগ আপোষে নিষ্পত্তি করা হয়েছে। বাল্য বিবাহ সংক্রান্ত ০২(দুই)টি অভিযোগ কর্মধা এবং হাজীপুর ইউপি থেকে পাওয়া গেছে। ০১(এক)টি অভিযোগ স্থানীয় পর্যায়ে সমাধান করা সম্ভব হয়েছে। তাছাড়া মোবাইল কোর্টের মাধ্যমে ০১(এক)টি বাল্য বিবাহ বিয়ের আসর থেকে বরকে গ্রেফতার করে ১৫(পনের) দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।                    | বাল্য বিবাহ রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও অফিসার ইনচার্জ কুলাউড়া থানাকে অনুরোধ করা হয়।   | উপজেলা মহিলা<br>বিষয়ক কর্মকর্তা,<br>কুলাউড়া                                    |